

# অঘোরকামিনী প্রকাশচন্দ্র মহাবিদ্যালয়

বেঙ্গাই ❊ হুগলী

## ADD - ON - COURSE on
## "ত্রয়ী বন্দ্যোপাধ্যায় ঃ জীবন ও সাহিত্য"

ORGANIZED BY :-
DEPARTMENT OF BENGALI
IN ASSOCIATION WITH
IQAC, AGHOREKAMINI PRAKASHCHANDRA MAHAVIDYALAYA

—ঃ কোর্সের শিরোনাম ঃ—

"ত্রয়ী বন্দ্যোপাধ্যায় ঃ জীবন ও সাহিত্য"

COURSE DURATION :- 36 Hours - From 15.05.2023 – 27.06.23

Cuorse Offered By :- Dept. Of Bengali, A.K.P.C Mahavidyalaya, Bengai, Hooghly

—ঃ কোর্সটির সাথে যুক্ত অধ্যাপক অধ্যাপিকাদের নাম ঃ—

| | | | |
|---|---|---|---|
| ১) | ড. বন্দনা পাল | - | (সহযোগী অধ্যাপিকা)। |
| ২) | ড. দিলীপ কুমার দিগার | - | (সহকারী অধ্যাপক)। |
| ৩) | ড. যমুনা ধাড়া | - | (সহকারী অধ্যাপিকা)। |
| ৪) | অলকেশ মণ্ডল | - | (স্যাক্ট)। |
| ৫) | সৌমিতা মুখার্জী | - | (স্যাক্ট)। |
| ৬) | রাজেশ মল্লিক | - | (স্যাক্ট)। |

COURSE CO - ORDINATOR :- Dr. Dilip Kumar Degar

## —ঃ কোর্সটির গুরুত্ব ও উদ্দেশ্য ঃ—

বাংলা কথাসাহিত্যে ত্রয়ী বন্দ্যোপাধ্যায় যথা বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ও মানিক বন্দ্যোপাধ্যায় ছিলেন অত্যন্ত শক্তিমান লেখক। উপন্যাস ও গল্প রচনার ক্ষেত্রে তাঁরা আপন ব্যক্তিবৈশিষ্ট্যে সমুজ্জ্বল। তিনজনেরই অভিজ্ঞতা ও জীবনবোধ কল্লোলগোষ্ঠীর লেখকদের মতো ছিল না। আসলে তাঁরা কেউ-ই কল্লোলের নগর জীবনকে গ্রহণ না করে একেবারে পুরোপুরি দেশজ উপাদানকে সাহিত্যে নিয়ে এলেন। যেখানে মাটি, মানুষ ও গ্রাম্যজীবন মিলেমিশে একাকার। তাঁরা গভীর উপলব্ধি ও নিজস্ব অভিজ্ঞতার আলোকে সেই সমস্ত মানুষের জীবন - জীবিকা, আর্থ - সামাজিক অবস্থাসহ সবকিছুকে অত্যন্ত সযত্নপ্রয়াসে অসামান্য দক্ষতায় জীবন্ত করে তুলেছেন। বিভূতিভূষণ গ্রাম জীবনের সহজতা, সরলতা, স্নিগ্ধতা এবং অতিসাধারণ জীবনকে পরম মমতায় তুলে ধরেছেন। তাঁর জগত পরম বিশ্বাসের ও ভালোবাসার জগত। যেখানে প্রকৃতি ও মানুষ এক ও অভিন্ন হয়ে উঠেছে। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ক্ষেত্রেও সবচেয়ে কাছের ছিল মানুষ। বিশেষ করে গ্রামের দরিদ্র অবহেলিত মানুষ। তাদের সেই জীবনকে দেখেছেন অনুসন্ধিৎসু দৃষ্টি দিয়ে। অধিকাংশই তাঁর নিজের চোখে দেখা। আঞ্চলিক গণ্ডিকে অতিক্রম করে পেরেছেন চিরকালের সাহিত্যের মর্যাদা দিতে। আর মানিক বন্দ্যোপাধ্যায় পল্লীবাংলার এবং শহরতলীর দরিদ্র খেটে খাওয়া মানুষের বাস্তব জীবনকেই প্রতিফলিত করেছেন। তিনি জীবনের একেবারে গভীরে দৃষ্টি নিক্ষেপ করে খোঁজার চেষ্টা করেছেন ও একাত্মতাবোধ করেছিলেন।

এমন তিনজন কথাকারের জীবন ও সাহিত্য সৃষ্টি সম্পর্কে আমাদের সকলেরই বিশদে জানা দরকার। তাঁদের উপন্যাস ও ছোটগল্প মিলিয়ে যে সাহিত্যকীর্তি বা সাহিত্যসম্ভার তার সাথে ছাত্র-ছাত্রীদের সামান্যই পরিচিতি ঘটে। কেননা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত পাঠক্রমের মধ্যেই ছাত্র-ছাত্রীদের বিচরণ ঘটে। কাজেই তিন বন্দ্যোপাধ্যায়ের জীবন ও সাহিত্যকর্মের সঙ্গে বিশদভাবে পরিচিত হতে হলে পাঠক্রমের বাইরেও জানা ও শেখা দরকার। যাতে তারা আরো পড়াশোনা করে ভাবনা - চিন্তার মধ্য দিয়ে নিজেদেরকে সমৃদ্ধ করতে, উজ্জীবিত করতে এবং লক্ষ্যে অগ্রসর হতে সহায়ক হয়ে উঠবে। উন্নতমনা হয়ে মানুষের পাশে দাঁড়াবে ও সহানুভূতিশীল হয়ে পরম মমতায় সকলের একান্ত আপনজন হয়ে উঠবে।

এভাবেই Add - On - Course - এর বিষয়টিতে ছাত্র-ছাত্রীদের জ্ঞানমূলক ও প্রয়োগমূলক দক্ষতার পাশাপাশি তাদের মানসিক সমৃদ্ধির ক্ষেত্রেও সমপরিমাণ গুরুত্ব দেওয়া হয়েছে। এর ফলে ছাত্রছাত্রীদের মধ্যে রুচিশীল মনোভাব ও জীবনদরদী ভাবনা এবং মমত্ববোধ গ্রহণযোগ্য বিষয় হয়ে উঠবে। এছাড়া এই চর্চার মাধ্যমে জানার ও শেখার চাহিদা আরো বৃদ্ধি পাবে এবং নিজেদের ভাবনা - চিন্তার প্রসার ঘটবে। পাশাপাশি সাহিত্যের জগতে ত্রয়ী বন্দ্যোপাধ্যায়ের জীবনদৃষ্টি ও স্বাতন্ত্র্য বা নিজস্বতা কতখানি ছিল তা ছাত্র-ছাত্রীরা বুঝতে পারবে। বিভিন্ন উপন্যাস ও ছোটগল্প আলোচনায় তাদের সেই জানার বহর যেমন বাড়বে তেমনি সাহিত্যচর্চার আগ্রহ বৃদ্ধি পাবে। গবেষণামূলক চিন্তাভাবনায় ভাবিত হবে। তাই কেবল সংখ্যার নিরিখে নয়, বিষয় ও বিষয়ভাবনার দিক থেকে ত্রয়ী বন্দ্যোপাধ্যায়ের গুরুত্ব যে অপরিসীম তা নিশ্চিত ভাবেই ছাত্র-ছাত্রীদের জীবন দৃষ্টিতে ধরা পড়বেই।

## —ঃ পাঠক্রম ঃ—

**পূর্ণমান ঃ- ১০০। সময় ঃ- ৩৬ ঘন্টা।**

- **ত্রয়ী বন্দ্যোপাধ্যায়ের জীবন ও সাহিত্যের পরিচয় এবং বর্তমান সময়ের প্রেক্ষাপটে তার প্রয়োজনীয়তা।**
  - জীবনী ও বৈশিষ্ট্য
  - সাহিত্য চিন্তা বা সাহিত্য ভাবনা।
  - গ্রামীণ জীবন ও সমাজ ভাবনা।
  - ব্রাত্য জীবন কথা।
  - জীবন দর্শন।
  - তুলনামূলক আলোচনা।

### —ঃ একক - ১ ঃ—

- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের জীবন ও বৈশিষ্ট্য।
- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের সাহিত্য পরিচয়।
- বিভূতিভূষণ ও তাঁর উপন্যাস।

- ❊ বিভূতিভূষণ ও তাঁর ছোটগল্প।
- ❊ উপন্যাস ও গল্পে প্রকৃতি, মানবজীবন।
- ❊ উপন্যাস ও গল্পে সমাজভাবনা।
- ❊ উপন্যাস ও গল্পে ব্রাত্য জীবনকথা।
- ❊ জীবন দর্শন।
- ❊ তুলনা।

—ঃ একক - ২ ঃ—

- ❊ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের জীবন ও বৈশিষ্ট্য।
- ❊ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের সাহিত্য পরিচয়।
- ❊ তারাশঙ্কর ও তাঁর উপন্যাস।
- ❊ তারাশঙ্কর ও তাঁর ছোটগল্প।
- ❊ উপন্যাস ও গল্পে মানবজীবন।
- ❊ উপন্যাস ও গল্পে সমাজভাবনা।
- ❊ উপন্যাস ও গল্পে ব্রাত্য জীবনকথা।
- ❊ জীবন দর্শন।
- ❊ তুলনা।

—ঃ একক - ৩ ঃ—

- ❊ মানিক বন্দ্যোপাধ্যায়ের জীবন ও বৈশিষ্ট্য।
- ❊ মানিক বন্দ্যোপাধ্যায়ের সাহিত্য পরিচয়।
- ❊ মানিক ও তাঁর উপন্যাস।
- ❊ মানিক ও তাঁর ছোটগল্প।
- ❊ উপন্যাস ও গল্পে মানবজীবন।
- ❊ উপন্যাস ও গল্পে সমাজভাবনা।
- ❊ উপন্যাস ও গল্পে ব্রাত্য জীবনকথা।
- ❊ জীবন দর্শন।
- ❊ তুলনা।

## —: Programme Outcome :—

১) এই প্রোগ্রাম ছাত্র-ছাত্রীদের কে তাদের নিজেদের বিষয়ের সাথে সাথে অন্য বিষয়েও পড়াশোনার সুযোগ করে দেয়।

২) এই প্রোগ্রাম ছাত্র-ছাত্রীদের নিজস্ব যোগ্যতার মানকেও বৃদ্ধি করতে সাহায্য করে।

৩) এই প্রোগ্রাম ছাত্র-ছাত্রীদের নিজেদের পড়াশোনা ও অন্যান্য বিষয়ে জ্ঞান বাড়িয়ে তোলে।

৪) তিন বন্দ্যোপাধ্যায়ের জীবন ও সাহিত্য ছাত্র-ছাত্রীদের জ্ঞানকে অনেক সমৃদ্ধ করে।

৫) এই প্রোগ্রামের মধ্য দিয়ে ছাত্র-ছাত্রীরা স্নাতকোত্তরে সুবিধার ক্ষেত্রে এগিয়ে যায়।

৬) এই প্রোগ্রামের মধ্য দিয়ে ছাত্র-ছাত্রীরা তাদের লেখার দক্ষতা, পড়ার দক্ষতা এবং পরীক্ষাতে উত্তর লেখার দক্ষতাকে বেশ খানিকটা বাড়াতে সক্ষম হবে।

৭) এই প্রোগ্রামের মধ্য দিয়ে ছাত্র-ছাত্রীদের সাহিত্যরস - আস্বাদনের ক্ষমতা যেমন বাড়বে, তেমনি তুলনামূলক বিচার বিশ্লেষণের সক্ষমতাও তৈরি হবে।

৮) এই প্রোগ্রামের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা বাংলা ভাষা, ব্যাকরণ এবং বানান সম্বন্ধে অনেক কিছু শিখতে পারবে।

৯) এই প্রোগ্রামের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা জটিল অনুশীলনীও এবং গবেষণার কাজের জন্য অনেকটা তৈরি হয়ে যায়।

## —: Course Outcome :—

১) ত্রয়ী বন্দ্যোপাধ্যায় তথা বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ও মানিক বন্দ্যোপাধ্যায় সম্বন্ধে বিশেষ কিছু ধারণা পাওয়া যায়।

২) ত্রয়ী বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস ও ছোটগল্প আলোচনার মধ্য দিয়ে সাহিত্যের এই রূপটির সাথে ছাত্র-ছাত্রীদের নিবিড় পরিচয় ঘটে।

৩) ত্রয়ী বন্দ্যোপাধ্যায় তাদের লেখা বা রচনার মধ্য দিয়ে বাংলার গ্রাম জনজীবনের উপর আর্থসামাজিক ও প্রকৃতিকর প্রভাব বোঝাতে চেয়েছেন তার পরিচয় ঘটে।

৪) ত্রয়ী বন্দ্যোপাধ্যায়ের বাংলাভাষা ও সাহিত্যক্ষেত্রে দক্ষতা ও জ্ঞানের পরিচয় পাওয়া যায়।

৫) বাংলা সাহিত্যে ত্রয়ী বন্দ্যোপাধ্যায় - এর গুরুত্ব বিশেষভাবে অনুভূত হয়।

৬) মূলত উনবিংশ ও বিংশ শতাব্দীর সাহিত্য ও সমাজজীবনের ঐতিহ্য ও ইতিহাস কে বোঝাতে চেয়েছেন, তার পরিচয় পাওয়া যায়।

৭) বাংলা উপন্যাস এবং ছোটগল্প ভালো করে বুঝতে সাহায্য করে।

৮) বাংলা সাহিত্যের ক্রম উন্নতি বুঝতে সাহায্য করে।

৯) তাঁদের উপন্যাস ও ছোটগল্প পড়ার মধ্য দিয়ে ছাত্রছাত্রীরা সমসাময়িক সমাজ এবং সাহিত্যের মধ্যে সম্পর্ক বুঝতে পারে।

১০) বিংশ শতাব্দীর উপন্যাস এবং ছোটগল্প উন্নতি সম্বন্ধে জ্ঞান লাভ করতে পারে।

*কোর্স শেষে মূল্যায়নসর্বমোট ১০০ নম্বরের হবে।*
*এর মধ্যে ৮০ - নম্বরের লিখিত পরীক্ষা, আর ২০ নম্বরের মৌখিক পরীক্ষা নেওয়া হবে।*

### –: GRADING SYSTEM :–

| Level | Excellent | Very Good | Good | Above Average | Avarage | Below Average | Poor | Fail |
|---|---|---|---|---|---|---|---|---|
| Grade | A+ | A | B+ | B | C | D | E | F |
| Marks Range | 90-100 | 80-90 | 70-79 | 60-69 | 50-59 | 40-49 | 33-39 | 0-32 |

## —ঃ সহায়ক গ্রন্থসূচি ঃ—


১) গোপিকানাথ রায়চৌধুরী - বিভূতিভূষণ ঃ মন ও শিল্প - দে'জ, চতুর্থ সংস্করণ, জানুয়ারি ২০১১।

২) সৌমিত্র শেখর সম্পাদিত - বিভূতিভূষণ ঃ কথা ও সাহিত্য - উত্তরণ, প্রথম প্রকাশ ফেব্রুয়ারি ২০০৯।

৩) সুতপা ভট্টাচার্য - কথাসাহিত্যের একলা পথিক - বিভূতিভূষণ - পুস্তক বিপণি, দ্বিতীয় সংস্করণ এপ্রিল ২০১০।

৪) শীতল চৌধুরী - কবি - আত্মা বিভূতিভূষণ ঃ শিল্প ও নির্মাণে - করুণা প্রকাশনী, প্রথম প্রকাশ আগস্ট ২০০৫।

৫) উজ্জ্বল কুমার মজুমদার সম্পাদিত - তারাশঙ্কর ঃ দেশ কাল সাহিত্য - বঙ্গীয় সাহিত্য সংসদ, কলকাতা বইমেলা ২০০৫।

৬) সরোজ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত - তারাশঙ্কর অন্বেষা - পুস্তক বিপণি, প্রথম প্রকাশ আগস্ট ২০০৭।

৭) দেবেশ রায় - তারাশঙ্কর ঃ নিরন্তর দেশ - দে'জ, প্রথম প্রকাশ জানুয়ারি ২০০৩।

| | | | |
|---|---|---|---|
| ৮) | ড. নিতাই বসু | তারাশঙ্করের শিল্পিমানস | দে'জ, দ্বিতীয় সংস্করণ এপ্রিল ১৯৯৮। |
| ৯). | ড. সরোজ মোহন মিত্র | তারাশঙ্কর : ব্যক্তিমানস ও সৃষ্টি | গ্রন্থালয়, প্রথম প্রকাশ জুলাই ২০০০। |
| ১০) | ড. সরোজ মোহন মিত্র | শতবর্ষে মানিক বন্দ্যোপাধ্যায় | প্রজ্ঞা বিকাশ, প্রথম প্রকাশ মে ২০০৭। |
| ১১) | মানব বন্দ্যোপাধ্যায় | উপন্যাস সাহিত্যে মানিক বন্দ্যোপাধ্যায় | প্রজ্ঞা বিকাশ, প্রথম প্রকাশ জুলাই ২০০৫। |
| ১২) | ড. সরোজ মোহন মিত্র | মানিক জীবন ও সাহিত্য | গ্রন্থালয়, প্রথম সংস্করণ ১৩৭৭। |
| ১৩) | ড. সুবোধ দেবসেন | বাংলা কথাসাহিত্যে ব্রাত্যসমাজ (১৯২৩-৪৭) | পুস্তক বিপণি, প্রথম প্রকাশ জানুয়ারি ২০০৩। |
| ১৪) | ড. অসিত সিংহ | বাংলা উপন্যাসের সমাজ চিন্তার বিবর্তন (১৯০০ - ১৯৫০) | গ্রন্থমেলা, প্রথমপ্রকাশ সেপ্টেম্বর ১৯৮৩। |
| ১৫) | রবিন পাল | বাংলা ছোটগল্প : কৃতী ও রীতি | ব্রহ্মপুর প্রকাশন, প্রথম প্রকাশ জানুয়ারি ২০০৩। |
| ১৬) | শ্রী ভূদেব চৌধুরী | বাংলা সাহিত্যের ছোটগল্প ও গল্পকার | মর্ডান বুক এজেন্সি, পধ্ম নতুন সংস্করণ ২০০৩। |
| ১৭) | ডঃ অমরেশ দাশ | তারাশঙ্করের উপন্যাস | প্রজ্ঞা বিকাশ, দ্বিতীয় সংস্করণ বইমেলা ২০০৮। |
| ১৮) | নারায়ণ গঙ্গোপাধ্যায় | বাংলা গল্পবিচিত্রা | প্রকাশ ভবন, ষষ্ঠ সংস্করণ চৈত্র ১৪১৫। |
| ১৯) | বিশ্ববন্ধু ভট্টাচার্য | ছোটগল্পে ত্রয়ী | প্রজ্ঞা বিকাশ, প্রথম সংস্করণ ২০০০। |
| ২০) | গোপিকানাথ রায়চৌধুরী | দুই বিশ্বযুদ্ধের মধ্যকালীন বাংলা কথাসাহিত্য | দে'জ, তৃতীয় সংস্করণ আগস্ট ২০১০। |


ড. দিলীপ কুমার দিগার

বিভাগীয় প্রধান

অঘোরকামিনী প্রকাশচন্দ্র মহাবিদ্যালয়।

— o —

H.O.D
Department Of Bengali
A.K. P.C Mahavidyalaya
Bengai, Hooghly, WB